

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৫৭৮  
জম্পুইজলা, ১৬, জানুয়ারি, ২০২৪

### জম্পুইজলা মহকুমাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা

জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে সম্প্রতি জম্পুইজলা বুখুই কমিউনিটি হলে জম্পুইজলা মহকুমাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিত কলই। প্রতিযোগিতায় জম্পুইজলা মহকুমার ৬টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। এর মধ্যে টাকারজলা সাউথ দ্বাদশমান বিদ্যালয়ের মামিতা নৃত্য ১ম স্থান অধিকার করে। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক সুমিত কুমার পাণ্ডে এবং জম্পুইজলা ব্লকের বিডিও কমল দেববর্মা। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি দলকে স্মারক উপহার দেওয়া হয়। সভাপতিত্ব করেন জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা।

\*\*\*\*\*